

তুমি স্থির থেকে
কাইউম পারভেজ

এখনো কি তুমি সূর্য উঠার আগে
পাখিদের কলকাকলীতে উঠে বসে ভাবো
নীল আকাশ সবুজ প্রান্তরের কথা
নয়তো কোন জনপদ সেতুবন্ধনের কথা?
তোমার কোন কষ্ট নেই যেমন নেই কোন বিশ্রাম।
আছে সৃষ্টির উন্মাদনায় এগিয়ে চলার দৃঢ় প্রজ্ঞা।
তুমি ভালবাসতে জানো তোমার আপন সংজ্ঞায়।
লক্ষ্য তোমার একটাই – নীলাকাশ সবুজ প্রান্তর জনপদ
থাকুক উদ্ভাসিত থাকুক প্রাঞ্জল আলোকিত।
তোমার আছে একশের চেতনা মাতৃভূমির আশীর্বাদ।
তুমি ভূমিকন্যা মাতৃভূমিকে ভালবাসায় বেপরোয়া।

বাধার প্রাচীর গুঁড়িয়ে ফেনিল সমুদ্রের উত্তাল ঢেউ ডিঙ্গিয়ে
ঠায় অপ্রতিরোধ্য তুমি দাঁড়িয়ে আছে
গায়ে নোনা জল ধোঁয়া বারুদের গন্ধ।
তুমি ভূমিকন্যা বজ্রকন্যা পর্বতকন্যা -মাথা নোয়াবার নও।
তুমি একশের কন্যা স্বাধীনতার কন্যা
গানের কন্যা প্রাণের কন্যা ভালবাসার কথা কও।
তোমার মাঝে নব সৃষ্টির উন্মাদনা।
কণ্ঠে তোমার অনুরণনিত – আমার ভায়ের রক্তে রাঙ্গানো একশে ফেব্রুয়ারী।
আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।

সেই প্রত্যুষের নীলাকাশ মাঝেমধ্যে কালো মেঘে ছেয়ে যায়
তুমি দৃঢ় অবিচল বটবৃক্ষের মত।
পাখিরা আশ্রয় নেয় সমীরণের দমকা আঘাত বাঁচিয়ে
তুমি দশভূজার মত সামলে নাও।
আরো কত বৈশাখে এমন কালবোশেখী তুমি রুখে দিয়েছো
সব তোমার পাখিদের জন্য। ফুলের জন্য। নদীর জন্য।
তুমি স্থির থেকে অবিচল থেকে যেমন আছে তেমনই থেকে।
'আজাইরা' কোন দমকা হওয়া টলাতে পারেনি বটবৃক্ষ।
তোমার পাখিরা আছে ফুলেরা আছে নদী ভূমি আকাশ আছে।
জনপদ আছে – আমি সে ও সখারা আছে। এরা আছে ওরা আছে। সকলেই আছে।
একশ আছে – একাত্তর আছে।

তুমি স্থির থেকে
অবিচল থেকে
ভালবাসার ভূমিকন্যা তুমি থেকে
অনমনীয় অপ্রতিরোধ্য।
দীপ্ত মানবী থেকে – তুমি
ভাল থেকে – সুস্থ থেকে।